# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২২ সেপ্টেম্বর, ২০০২ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড |
| সভাপতি | ঃ | কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | | |
|---|---|---|---|
| (১) | কমান্ডার এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক<br>বিএনএস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন শাহে আলম, পিএসসি<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | লেঃ কর্ণেল মোঃ আব্দুস সালাম<br>সিএমইএস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৫) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |

নবাগত সভাপতি মহোদয় সভার শুরুতেই উপস্থিত সকল সম্মানিত সদস্যকে সাদর সম্ভাষণ জানিয়ে বোর্ডের কার্যক্রমে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। আলোচনার শুরুতে সভাপতি মহোদয় বোর্ডের নবাগত সদস্য কমান্ডার এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসিন-কে স্বাগত জানান এবং বোর্ডের উপস্থিত অন্যান্য সকল সদস্য সভাপতি মহোদয়কে স্বাগত জানিয়ে তাঁর কার্যকালীন সময়ে সর্বাঙ্গীন সহযোগিতা প্রদানের আশাবাদ ব্যক্ত করেন। মূল আলোচ্যসূচীতে যাওয়ার পূর্বেই ক্যান্টনমেন্ট এর ভিতর দিয়ে বিশেষ করে মাটিকাটা এবং মানিকদী এলাকা হতে বেসরকারী যানবাহন ক্যান্টনমেন্ট এর ভিতর দিয়ে অবাধে যাত্রী পরিবহনের ব্যাপারে সভাপতি মহোদয় আলোকপাত করেন। ইদানিং ক্যান্টনমেন্ট এর ভিতর দিয়ে মাত্রাতিরিক্ত বেসরকারী যানবাহন চলাচলের ব্যাপারেও সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করে বেসরকারী যানবাহন কমিয়ে যাত্রী পরিবহনের জন্য সরকারী যানবাহন চলাচলের সুযোগ সৃষ্টি করা যায় কিনা - সে ব্যাপারে বোর্ড সদস্যগণের মতামত কামনা করেন। আলোচনার সূত্র ধরে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার জানান যে, মহাখালী এলাকায় ফ্লাইওভার নির্মাণ কাজের জন্য ক্যান্টনমেন্ট এর ভিতর দিয়ে বেসরকারী গাড়ী সমূহের অবাধে চলাচলের সুযোগ দেয়া হয়েছে।

*চলমানপাতা-২*



সিইও

ফ্লাইওভার নির্মাণ কাজ সমাপ্ত হলে ক্যান্টনমেন্ট এর ভিতর দিয়ে বেসরকারী গাড়ী চলাচলের চাপ কমে আসবে। আলোচনা ক্রমে উপস্থিত সম্মানিত সদস্য সিএমইএস (আর্মি) জানান যে, পিক আওয়ারে গাড়ী চলাচল অত্যাধিক বেশী থাকে, ঐ সময়ে গাড়ী চলাচল সীমিত রাখা খুবই কঠিন হবে। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট এর ভিতর বেসরকারী যাত্রী পরিবহন গাড়ী নিয়ন্ত্রণ তথা সীমিত রাখার জন্য পরবর্তীতে বিস্তারিত আলোচনার আশ্বাস দিয়ে সভাপতি মহোদয় আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ বিগত ২৪ জুলাই, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিগত ২৪ জুলাই, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ জুন, জুলাই ও আগস্ট, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুন, জুলাই ও আগস্ট, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০১-২০০২ আর্থিক সালের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০১-২০০২ আর্থিক সালের বাৎসরিক আয় ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। উক্ত আয় ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে মহাপরিচালক স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর ঢাকা এর নিকট প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জুলাই এবং আগষ্ট, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জুলাই এবং আগষ্ট, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। প্রাসঙ্গিকক্রমে সিনিয়র কঞ্জারভেন্সী অফিসার সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে দু'টি ভ্যান গাড়ীর মাধ্যমে রজনীগন্ধা ও মঈনুল রোড অফিসার্স কোয়ার্টার এলাকা এবং শহীদ ইউসুফ রোড পারিবারিক বাসস্থান হতে ময়লা/আবর্জনা সংগ্রহে ভাল ফল পাওয়া গিয়েছে। তাই স্বাস্থ্যসম্মত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে আরো দু'টি ভ্যান গাড়ী তৈরী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, প্রতিটি কভার্ড ভ্যান গাড়ী ১০,০০০/- (দশ হাজার) টাকা করে মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা কঞ্জারভেন্সী খাত হতে ব্যয়েরও অনুমোদন দেয়া হলো।

প্রস্তাব নং-৫ ঃ স্কেচ কম্পিউটার এডুকেশন, ২৯ উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাস -এর ০৭ জুন, ২০০২ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। পত্রটি সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, সরকারীভাবে স্কুলগুলোতে কম্পিউটার এডুকেশন বাধ্যতামূলক না থাকায় স্কেচ কম্পিউটার এডুকেশন, ২৯ উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাসকে তাঁদের আবেদন অনুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বেসরকারীভাবে কম্পিউটার শিক্ষা প্রদানের অনুমোদন দেয়া যায় না।

চলমানপাতা-৩



সিইও

প্রস্তাব নং- ৬ঃ শহীদ রমিজউদ্দিন উচচ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ০১(এক) সেট কম্পিউটার মেশিন ক্রয়ের সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ। উল্লেখ্য যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নীতিগত অনুমোদনের ভিত্তিতে দরপত্র আহবান করা হলে ২২ আগস্ট, ২০০২ তারিখে ৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে রিসিত কম্পিউটার, আগারগাঁও, আই ডি ভবন, ঢাকা-১২১৬ কর্তৃক প্রদত্ত ৩৫,৪৫০/- (পঁয়ত্রিশ হাজার চারশত পঞ্চাশ) টাকার দরপত্র সর্বনিম্ন হয়। সর্বনিম্ন দরপত্র গ্রহণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রিসিত কম্পিউটার, আগারগাঁও, আইডি ভবন, ঢাকা-১২১৬ কর্তৃক প্রদত্ত ৩৫,৪৫০/-(পঁয়ত্রিশ হাজার চারশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর গৃহীত হলো। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট সংস্থাকে কম্পিউটার সরবরাহের কার্যাদেশ দেয়া হোক।

প্রস্তাব নং- ৭ ঃ গ্যারিশন সিনেমা হলের দক্ষিণে শহীদ সরণির পূর্বপার্শ্বে নির্মানাধীন বাসস্ট্যান্ড হতে কর্তনকৃত গাছ নিলামে বিক্রির ব্যাপারে মোঃ বাহার, সিবি-২০৯, কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত সর্বোচচ ডাক ৯,৮০০/- (নয় হাজার আটশত) টাকা মিনিটশীটের মাধ্যমে সভাপতি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ১০ আগস্ট, ২০০২ তারিখে অনুমোদিত হয়েছে। বোর্ডসভায় ঘটনোত্তর অনুমোদনের জন্য সংশ্লিষ্ট নথিটি পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে কর্তনকৃত গাছ নিলামের মাধ্যমে বিক্রীর ব্যাপারে মোঃ বাহার, সিবি-২০৯, কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৯,৮০০/- (নয় হাজার আট শত) টাকার সর্বোচচ ডাক ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২৬ নং বাড়ীর মালিক জনাব এম এ রহিম চৌধুরীর মৃত্যুজনিত কারণে তার উত্তরাধিকারীদের নামে নামজারী করণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে ২৪ জুলাই, ২০০২ তারিখের বোর্ডসভার সিদ্ধান্ত নং- ১২ এর আলোকে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২৬ নং বাড়ীর মালিকানা সংক্রান্ত ব্যাপারে আদালতে মামলা অথবা কোন জটিলতা না থাকলে বাড়ীর মালিক জনাব এম এ রহিম চৌধুরীর মৃত্যুজনিত কারণে তার নিম্নবর্ণিত উত্তরাধিকারীগণের নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) বেগম সালেহা খাতুন চৌধুরী, (২)জনাব আবদুর রশিদ চৌধুরী, (৩) জনাব রফিক আহম্মদচৌধুরী, (৪) আঞ্জুমান আরা চৌধুরী, (৫) ফেরদৌস আরা চৌধুরী, (৬) গুলশান আরা চৌধুরী এবং (৭) রওশন আরা চৌধুরী।

প্রস্তাব নং-৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬ নং প্লটের পশ্চিমার্ধ এবং পূর্বার্ধের পরিবর্তে একই এলাকাস্থ ৯/বি নং প্লট হস্তান্তরের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

চলমানপাতা-৪

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাকালে বোর্ডসভায় নিম্নবর্ণিত তথ্যাদি উপস্থাপন করা হয় ঃ-

(ক) সেনাসদর, ঢাকা সেনানিবাসের সিএএস সিক্রেটারীয়েট -এর ১৪ নভেম্বর, ১৯৭৯ তারিখের ১০,২০২/২/সিএএস নং পত্রের মাধ্যমে প্লট নম্বর ৬ -এর উপর নির্মাণ কাজ না করার জন্য অনুরো করা হয়।

(খ) পরবর্তীতে সেনাসদর, কিউএমজি শাখা, এম এন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসে ২৮ মে, ১৯৯৫ তারিখের ৩৯১৭/৯/অফিসার/এমএন্ডকিউ নং পত্রের মাধ্যমে ৬ নং প্লটটির পশ্চিম অর্ধাংশে বাড়ী নির্মাণের অনুমতি প্রদান করা হয় এবং পূর্ব অর্ধাংশের পরিবর্তে সেনানিবাস বাজার এলাকাস্থ অবারদ্দকৃত ৯/বি নম্বর প্লটটি কাজের বিনিময় খাদ্যকর্মসূচীর আওতায় মাটি ভরাট করে উহা বরাদ্দ দেয়ার জন্য বলা হয়। বিষয়টি ২৯ জুন, ১৯৯৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় উপস্থাপন করা হলেগৃহীত সিদ্ধান্ত নম্বর ১৩ এর মাধ্যমে অনুমোদন করতঃ চূড়ান্ত সিদ্ধান্তের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হয়। ইতোমধ্যে প্লটটির পূর্বাংশ খাদ্যকর্মসূচীর আওতায় মাটি ভরাট করা হয়েছে।

(গ) ৬ নম্বর প্লটটির মূল নিলাম ইজারা গ্রহীতা জনাব আসাদ আহমেদ কর্তৃক তার জীবদ্দশায় উক্ত প্লটটি তার স্ত্রী এবং তিন কন্যাকে দান করা হলে আনুষ্ঠানিকতা পালন সাপেক্ষে তাদের নামে নামজারী করা হয়। পরবর্তীতে অবিবাহিত কন্যা নাসরিন আহমেদ মারা যাওয়ায় তার অংশটি সাকসেশন সার্টিফিকেটের ভিত্তিতে মোট ১২(বার) জনের নামে নামজারীর আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তরের ৩০ এপ্রিল, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে নামজারীর ছাড়পত্র পাওয়া যায়।

(ঘ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৭ মে, ১৯৮৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃআঃএঃ/৬/১২৪ নং পত্রের মাধ্যমে ৬ নং প্লটের পূর্বার্ধের পরিবর্তে ৯/বি নং প্লটে জমি বরাদ্দ করলে জমি বরাদ্দ নিতে সম্মত আছে কি না মতামত চাওয়া হলে উত্তরাধিকারদের পক্ষ হতে পারভিন আহমেদ সম্মতি প্রদান করেন।

(ঙ) অনুচেছদ 'খ'-তে বর্ণিত সিদ্ধান্তের আলোকে ৬ নম্বর প্লটের পূর্ব অর্ধাংশের পরিবর্তে ৯বি নম্বর প্লটে সমপরিমাণ জমি বরাদ্দ দেয়ার প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হলে পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৭ আগস্ট, ১৯৯৯ তারিখের ৭/এমএলএন্ডসি/ ঢাকা/১৩৮/৫৮ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্লটটির ব্যাপারে একটি স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

উপরোক্ত তথ্যাদি আলোচনান্তে বোর্ড একমত পোষণ করে যে, প্লট নং ৬ এর পূর্বার্ধের ১৫ কাঠা জমির পরিবর্তে ৯/বি নং প্লট হতে ১৫ কাঠা জমি বরাদ্দের জন্য সেনাসদর, কিউ এম জি শাখা, এম এন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুলিপি প্রদান করতঃ পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর -এর সর্বশেষ পত্রের আলোকে একটি স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকাকে অনুরোধ করা হলো।

চলমানপাতা-৫

প্রস্তাব নং-১০ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব মির্জা আহসানুল হাবিব কর্তৃক সি/৬ নং ফ্ল্যাটটি জনাব আবু মোহাম্মদ খাইরুল হাসান, পিতা- জনাব এ এম মহসিন -এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন ও প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ২১ প্লটে নির্মিত বাড়ীর সি-৬ নং ফ্ল্যাটটি জনাব আবু মোঃ খায়রুল হাসান, পিতাঃ জনাব এম এ মহসিন -এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১১ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব মির্জা আহসানুল হাবিব কর্তৃক সি/৪ নং ফ্ল্যাটটি মিসেস মমতাজ বেগম, স্বামী-ব্রিগেডিয়ার জেনারেল জাবেদ আলী -এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন ও প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর সি/৪ নং ফ্ল্যাটটি মিসেস মমতাজ বেগম, স্বামীঃ ব্রিগেডিয়ার জেনারেল জাবেদ আলী -এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১২ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব মির্জা আহসানুল হাবিব কর্তৃক বি-এস/৫ নং ফ্ল্যাটটি মেজর গোলাম মোঃ আরিফ (অবঃ), পিতা-মৃত মৌলভী আবদুর রউফ-এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন ও প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ী বি-এস/৫ নং ফ্ল্যাটটি মেজর গোলাম মোহাম্মদ আরিফ(অবঃ), পিতাঃ মৃত মৌলভী আবদুর রউফ -এর নিকট বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৩ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৭/এ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক মিসেস মমতাজ বেগম তার উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি তার ছয় ছেলে (১) গোলাম মোস্তফা মাসুদুল হক, (২) কামরুল হাসান, (৩) মোসাদ্দিক হোসেন, (৪) মাহমুদ হাসান, (৫) মো ঃ জাহিদ হাসান এবং (৬) মোঃ মেহেদী হাসান -এর নামে অবিভক্ত অবস্থায় নোটারী পাবলিক, ঢাকা বাংলাদেশের মাধ্যমে দান করে দিয়েছেন। উক্ত দানের প্রেক্ষিতে তাদের নামে নামান্তর/নামজারী করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে দানকারী ও দানগ্রহণকারীদের আবেদনপত্র এবং অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হলো।

চলমানপাতা-৬

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৭/এ নং প্লটে নির্মিত বাড়ীটির মালিক মিসেস মমতাজ বেগম এর আবেদনের প্রেক্ষিতে তার উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি তার নিম্নবর্ণিত ৬(ছয়) ছেলের নামে নামান্তর/নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) গোলাম মোস্তফা মাসুদুল হক, (২) কামরুল হাসান, (৩) মোসাদ্দিক হোসেন, (৪) মাহমুদ হাসান, (৫) মোঃ জাহিদ হাসান, (৬) মোঃ মেহেদী হাসান।

প্রস্তাব নং-১৪ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রনাধীন ১,০০২টি রিক্সা মালিক লাইসেন্স (প্লেট) ইস্যু করা আছে। উক্ত রিক্সা মালিক লাইসেন্সগুলি প্রতি বছর নবায়ন করা হয়। চলতি বছরেও ২৯ জুন, ২০০২ তারিখে স্থানীয় বিজ্ঞপ্তির মাধ্যমে মেসার্স সাঈদ এন্টারপ্রাইজ, ৩৭/১, বানিয়ানগর, সুত্রাপুর, ঢাকা -এর সর্বনিম্ন দর প্রতি প্লেট ৩৫/- (পঁয়ত্রিশ) টাকা হারে প্রথম পর্যায়ে ৫০০টি রিক্সা মালিক লাইসেন্স (প্লেট) তৈরী করার জন্য অনুমোদন দেয়া হয়। পূণরায় অবশিষ্ট ৫০২টি রিক্সা মালিক লাইসেন্স (প্লেট) তৈরী করা আবশ্যক বিধায় পূর্বের প্রাপ্ত সর্বনিম্ন দর ৩৫/- (পঁয়ত্রিশ) টাকা হারে মেসার্স সাঈদ এন্টারপ্রাইজকে কার্যাদেশ দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি আলোচনান্তে মেসার্স সাইদ এন্টারপ্রাইজ, ৩৭/১, বানিয়া নগর, সূত্রাপুর, ঢাকা এর ইতোপূর্বে অনুমোদিত সর্বনিম্ন দর প্রতি প্লেট ৩৫/- টাকা হারে অবশিষ্ট ৫০২টি রিক্সা মালিক লাইসেন্স প্লেট তৈরী করার নিমিত্তে মোট ১৭,৫৭০/- টাকা অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৫ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭ নং বাড়ীর মালিক জনাব আহমেদ মোস্তফা তার উক্ত বাড়ী (১) আলহাজ্ব রফিকুল হায়দার চৌধুরী, (২) জনাব সাইফুল আহমদ চৌধুরী এবং (৩) ফারজানা চৌধুরী -এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন ও প্রতিরক্ষা গোয়েন্দা মহা-পরিদপ্তরের ছাড়পত্র এবং আইন-উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৭ নং বাড়ীর মালিক জনাব আহমেদ মোস্তফা এর আবেদনের প্রেক্ষিতে তার উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি (১) আলহাজ্ব রফিকুল হায়দার চৌধুরী, (২) জনাব সাইদুল আহমেদ চৌধুরী এবং (৩) ফারজানা চৌধুরী এর নিকট প্লটটি অবিভক্ত অবস্থায় বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৬ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৫ নং প্লটে অবস্থিত পেট্রোল পাম্পটি চালু রাখার জন্য জনাব এম এ বাতেনকে ৩০ জুন, ২০০২ পর্যন্ত সময় দেয়া হয়েছিল। বর্তমানে পাম্পটি চালু আছে। উক্ত পাম্পটি চালু রাখা ও ভাড়া আদায়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

চলমানপাতা-৭



সি ই ও

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পর্যালোচনান্তে দেখা গিয়েছে যে, ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৮৫ নং প্লটে অবস্থিত পেট্রোল পাম্পটি সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস কর্তৃক ৩০ জুন, ২০০২ তারিখ পর্যন্ত সময় বর্ধিত করা হয়েছিল। প্রধান কার্যালয়, সিএসডি কর্তৃক তাদের পেট্রোল পাম্পটি চালু না হওয়া পর্যন্ত ৮৫ নং প্লটে অবস্থিত পেট্রোল পাম্পটি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সহিত ইতোপূর্বে সম্পাদিত চুক্তি অনুযায়ী চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। পেট্রোল পাম্পটি চালু রাখা সময় পর্যন্ত সম্পাদিত চুক্তি অনুযায়ী ভাড়া আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রনাধীন রজনীগন্ধা সুপার মার্কেট হতে ২৬ জুলাই, ২০০২ তারিখে যত্রতত্র রাখা মালামালসমূহ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক জব্দ করা হয়। উক্ত জব্দকৃত মালামালসমূহ ১৪ আগস্ট, ২০০২ তারিখে প্রকাশ্য নিলাম দেয়া হলে জনাব মোস্তাকুর রহমান, ১৯৮ রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক সর্বোচচ ডাক ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা ঘটনোত্তর অনুমোদনকরণ। এ ব্যাপারে মালামালের এমআরপিসহ নিলামের কাগজপত্রাদি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পর্যালোচনান্তে ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং- ১৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর সড়কের পার্শ্বে জিয়া কলোনী সংলগ্ন এমইও কর্তৃক লাইসেন্স প্রদানকৃত খালী জমিতে মেসার্স ক্লাস ডিজাইনার সিন্ডিকেট ৮৫ নয়াপল্টন, ঢাকা -এর ২টি হোর্ডিং বোর্ড যথাক্রমে ৩৫'×২০' এবং ৩৫'×১২' সর্বমোট ১১২০ বর্গফুট ইতোপূর্বে অনুমোদিত সর্বোচচ ডাক প্রতি বর্গফুট ৬৫/- টাকা হারে ১৫% ভ্যাট এবং ৩% উৎসকরসহ সর্বমোট ৮৫,৯০৪/- (পঁচাশি হাজার নয়শত চার) টাকা এককালীন এক বছরের জন্য ঘটনোত্তর অনুমোদনকরণ। এ ব্যাপারে ১৪ আগস্ট, ২০০২ তারিখের কার্যবৃত্তপত্র এবং স্কেচ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পর্যালোচনান্তে সর্বোচচ দর ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৯ ঃ ডিওএইচএস বারিধারা, বাড়ী নং-২৯০, লেন নং-৪ এর মালিক লেঃ কর্ণেল (অবঃ) সৈয়দ মোঃ দেলোয়ার হোসেন উক্ত বাড়ীর ঠিকানা ব্যবহার করে এক্সেল সিকিউরিটি এবং লজিষ্টিক সার্ভিসেস লিঃ এর নামে ব্যবসা পরিচালিত করার জন্য ১৪ মার্চ, ২০০১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে পরবর্তী সিদ্ধান্তের জন্য ষ্টেশন সদর দপ্তরে প্রেরণ করা হলে ষ্টেশন সদর দপ্তর কর্তৃক উহা বোর্ড সভায় উপস্থাপন করার জন্য বলা হয়। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। উক্ত ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন ও ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৮ মার্চ, ২০০১ তারিখের ৬২৪/১/এ নং পত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পর্যালোচনান্তে ডিওএইচএস এলাকায় এক্সেল সিকিউরিটি এবং লজিস্টিক সার্ভিসেস প্রদানের ব্যাপারে বিষয়টি আপাততঃ স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমানপাতা-৮

প্রস্তাব নং-২০ ঃ দি ট্রাষ্ট ব্যাংক লিঃ কর্তৃক ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণির পার্শ্বে স্থাপিত ৫০টি বিল সাইন বোর্ড অনুমোদন চেয়ে ০৩ জুলাই, ২০০২ তারিখে একটি আবেদনপত্র পেশ করেন। উল্লেখ্য যে, ইতোপূর্বে অত্র দপ্তর কর্তৃক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে মেসার্স নেপচুন এডভাটাইজার্স এর মেগা সাইনের জন্য সর্বোচচ ডাক প্রতি বর্গফুট ৭৫/৫০ (পঁচাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা অনুমোদন করা হয়েছিল। উক্ত সর্বোচচ অনুমোদিত ডাক অনুযায়ী দি ট্রাষ্ট ব্যাংক লিঃ কর্তৃক বেল সাইন বোর্ড প্রতি বর্গফুট ৭৫/৫০ (পঁচাত্তর টাকা পঞ্চাশ) টাকা হারে অনুমোদনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পর্যালোচনান্তে দি ট্রাস্ট ব্যাংক লিঃ কর্তৃক স্থগিত ৫০টি বিল সাইন বোর্ড ইতোপূর্বে মেসার্স নেপচুন এ্যাডভাটাইজার্স এর অনুমোদিত সর্বোচচ দর ৭৫/৫০ টাকা হারে এবং তৎসংগে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও উৎসকর আদায় সাপেক্ষে ঘটনোত্তর অনুমোদন করা হলো। এছাড়া সেনাসদর, কিউ এমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের এতদসংক্রান্ত নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সিইও, ঢাকাকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং- ২১ ঃ প্রো-এ্যাক্ট এডভারটাইজিং এন্ড কমুনিকেশন লিঃ, বাড়ী নং-৪৬, রোড নং-৯-এ ২য় তলা ধানমন্ডি ঢাকা কর্তৃক রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের পার্শ্বে রজনীগন্ধা সুপার মার্কেটের ছাদের উপর এবং রেলগেটের প্রবেশ পথ হতে রজনীগন্ধা সুপার মার্কেট পর্যন্ত মেগাসাইন এবং হোডিংবোর্ড স্থাপনের ব্যাপারে ০৫ আগষ্ট, ২০০২ তারিখে আবেদন করেন। উল্লেখ্য যে, ইতোপূর্বে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে মেসার্স নেপচুন এডভাটাইজার্স সর্বোচচ ডাক হোডিংবোর্ডের জন্য ৬৫/- (পঁয়ষট্টি) টাকা এবং মেগাসাইন বোর্ডের জন্য প্রতি বর্গফুট ৭৫/৫০ (পঁচাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা অনুমোদন করা হয়েছিল। উক্ত সর্বোচচ অনুমোদিত ডাক অনুযায়ী প্রো-এ্যাক্ট এডভারটাইজিং এন্ড কমুনিকেশন লিঃ এর হোডিংবোর্ড এবং মেগাসাইন স্থাপনের ব্যাপারে অনুমোদন ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পর্যালোচনান্তে প্রো-এ্যাক্ট এ্যাডভারটাইজিং এন্ড কমুনিকেশন লিঃ এর আবেদনের প্রেক্ষিতে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের ছাদের উপর পূর্ব ও পশ্চিমমুখী বিলবোর্ড স্থাপন, পাকা দোকানের ছাদের উপর এবং বনানী রেল গেট প্রবেশ পথ হতে রজনীগন্ধা সুপার মার্কেট পর্যন্ত স্বাধীনতা সরণির উভয়পার্শ্বে স্থাপিত বৈদ্যুতিক পুলের মধ্যে মেঘা সাইন বোর্ড স্থাপনের ব্যাপারে সেনাসর, কিউএমজি শাখা, এমএন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের নীতিমালা অনুযায়ী ছাড়পত্র গ্রহণের জন্য সিইও, ঢাকাকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২২ ঃ ৩৮নং ডিওএইচএস মহাখালী বাড়ীতে বসবাসকারী বাংলাদেশ নৌ-বাহিনীর কর্মচারীদের প্রত্যেকের বিরুদ্ধে ভিন্ন ভিন্নভাবে ব্যক্তিগত নামে বেগম জাকিয়া সুলতানা কর্তৃক উচেছদের মামলাসমূহে পক্ষভূক্ত হওয়া প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা এর কার্যালয়,বা নৌ জা হাজী মহসীন, ঢাকা সেনানিবাসের ২৮ আগষ্ট, ২০০২ তারিখের এএডি/১০১১৭/১৭৬০ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

চলমানপাতা-৯

সিইও

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি সভায় বিস্তারিত আলোচনান্তে জানা যায় যে, বাড়ীটিতে বর্তমানে নৌ-বাহিনীর কর্মচারীগণ অবস্থান করে আসছে এবং বাড়ীটি নৌ-কর্তৃপক্ষের নিয়ন্ত্রনে রয়েছে বিধায় উক্ত বাড়ীর জন্য দায়েরকৃত মামলার খরচ চালিয়ে যাওয়ার ব্যাপারে বাংলাদেশ নৌ-কর্তৃপক্ষের নিকট হতে মতামত সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উক্ত মতামত প্রাপ্তির পর উহা পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকাকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং- ২৩ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার প্রবেশ পথের গর্ত মেরামত কাজের জন্য প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত ৬৯,৩৫১.১০ (উনসত্তর হাজার তিনশত একান্ন টাকা দশ পয়সা) টাকার মুল্যানুমান ঘটনোত্তর অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমানটির ঘটনোত্তর অনুমোদন দেয়া হলো। উল্লেখ যে, উক্ত কাজের ব্যয় বারিধারা ডিওএইচএস এর উন্নয়ন খাত হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-২৪ ঃ কমান্ডার লজিস্টিক এরিয়া এবং পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর-এর ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পরিদর্শন উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ভবনের রং চুনা ও প্লোসেম ওয়াশিং কাজের জন্য ৩৬,৬৭০/-(ছত্রিশ হাজার ছয়শত সত্তর) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের রক্ষনাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে।

প্রস্তাব নং-২৫ ঃ শহীদ জাহাঙ্গীর গেইটের বাহিরের প্রবেশ পথে এবং স্বাধীনতা সরণির চৌরাস্তার পশ্চিমপার্শ্বে রোড ডিভাইডার নির্মাণকরণের ৪,৮৪,৭১০/-(চার লক্ষ চুরাশি হাজার সাতশত দশ)টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদনকরণ। প্রাথমিক অনুমোদনের সময় যে পরিমাণ কাজ করার কথা ছিল পরবর্তীতে কাজটি বাস্তবায়নের সময় উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে কাজের পরিমাণ বেড়ে যাওয়ায় এ ব্যয় বৃদ্ধি পেয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরন করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের অতিরিক্ত ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেটে বিশেষ অনুদান বরাদ্দের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকাকে বলা হলো।

চলমানপাতা-১০

সিই ও

প্রস্তাব নং-২৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকায় হযরত কালাশাহ বাবার(রঃ) মাজার শরীফে অজুখানা নির্মাণ ও পানির লাইন স্থাপনকরণের ৪৭,৪৮৬/-(সাতচল্লিশ হাজার চারশত ছিয়াশি)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত কাজের জন্য দরপত্র আহবানপূর্বক কার্যাদেশ দেয়া হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় মহাখালী ডিওএইচএস এলাকায় হযরত কালা শাহ বাবার (রঃ) মাজার ফান্ড হতে নির্বাহ করা হবে।

প্রস্তাব নং-২৭ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় সেন্ট্রি পোস্ট এবং শিশু পার্কে ৮(আট)টি ছাতা নির্মাণকরণের জন্য ১,৪৩,৯৯০/-(এক লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত নব্বই)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরন করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-২৮ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের দক্ষিণপার্শ্বে রাস্তার পুকুর সংলগ্ন জায়গায় কাঠের বল্লি ও ড্রাম শীট দ্বারা প্যালাসাইডিংকরণের জন্য ১,৫৪,৬৮৩/-(এক লক্ষ চুয়ান্ন হাজার ছয়শত তিরাশি)টাকার প্রাক্কলন অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং- ২৯ ঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের বাসভবন এবং ৭ নং রোডস্থ ৬৪/এ নং স্টাফ কোয়ার্টারের ২(দু'টি) বাসার ঝুকিপূর্ণ পুরাতন গ্যাস লাইন পরিবর্তন করে নূতন গ্যাস লাইন স্থাপনকরণের নিমিত্তে ৩৭,৯৬৬/-(সাইত্রিশ হাজার নয়শত ছেষট্টি) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের রক্ষনাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হোক।

চলমানপাতা-১১

প্রস্তাব নং-৩০ : হাজী মহসিন ক্রসিং যানবাহন সংকেতের ২টি পোল উঠিয়ে পুনঃস্থাপন কাজের জন্য ৩৩,৫৫০/-(তেত্রিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের রক্ষণাবেক্ষন খাত হতে নির্বাহ করা হোক।

প্রস্তাব নং-৩১ : বারিধারা ডিওএইচএস এলাকার মসজিদের ইমামের কোয়ার্টার নির্মাণে ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেটে প্রেরিত মূল্যানুমান সংশোধন করে ২১,৭৮,৭০০/-(একুশ লক্ষ আটাত্তর হাজার সাতশত)টাকার স্থলে সংশোধিত ১১,৮২,৩১১/-(এগার লক্ষ বিরাশি হাজার তিনশত এগার) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : সংশোধিত ১১,৮২,৩১১/- (এগার লক্ষ বিরাশি হাজার তিনশত এগার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় বারিধারা ডিওএইচএস এর উন্নয়ন ফান্ড হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-৩২ : ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের কেবিন সংস্কার, মেরামত ও রং চুনার কাজের জন্য ৭,১৮,২১৪.০০(সাত লক্ষ আঠার হাজার দুইশত চৌদ্দ) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-৩৩ : অফিসার পারিবারিক বাসস্থান 'উত্তরণ', 'উদয়ন' ও 'উদ্দীপণ' -এর সম্মুখস্থ মিনি পার্কে স্থাপিত পাকা বেঞ্চ অপসারণকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে ০৩ আগস্ট, ২০০২ তারিখের উত্তরণ/জেনারেল/৩৮ নং পত্রটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে অফিসার পারিবারিক বাসস্থান 'উত্তরণ, উদয়ন ও উদ্দীপণ' এর সম্মুখস্থ মিনি পার্কে স্থাপিত পাকা বেঞ্চ অপসারণের পদক্ষেপ গ্রহণ করা হোক।

প্রস্তাব নং-৩৪ : মহাখালী ডিওএইচএস এলাকায় বৃহদাকার ৩(তিন)টি পাকা ডাস্টবিন নির্মাণের জন্য ৮৪,০৯৯/- (চুরাশি হাজার নিরানব্বই) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

চলমানপাতা-১২

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-৩৫ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার শিশুপার্ক নির্মাণের ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেটে প্রেরিত মূল্যানুমান সংশোধন করে ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকার স্থলে সংশোধিত ৫,৩২,৪৬৭/-(পাঁচ লক্ষ বত্রিশ হাজার চারশত সাতষট্টি) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় বারিধারা ডিওএইচএস এলাকার উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-৩৬ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রনাধীন সোডিয়াম লাইটের বাল্ব ও আনুসংগিক ফিটিংস "সিমেন্স বাংলাদেশ লিমিটেড" হতে ক্রয় করার ব্যাপারে অলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ১১ সেপ্টেম্বর, ২০০২ তারিখে অনুমোদিত মিনিটশীট উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ দ্রব্যমূল্য তুলনামুলকভাবে কম হওয়াতে ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন সোডিয়াম লাইটের বাল্ব ও আনুষংগিক ফিটিংস " সিমেন্স বাংলাদেশ লিমিটেড" হতে ক্রয় করাই যুক্তিযুক্ত। এ প্রেক্ষিতে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত ২,৭৭,৭৫০/-(দুই লক্ষ সাতাত্তর হাজার সাতশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান ঘটনোত্তর অনুমোদন করা হলো এবং ২০০২-২০০৩ আর্থিক সালের জন্য সোডিয়াম বাতির বাল্বসহ যাবতীয় মালামাল " সিমেন্স বাংলাদেশ লিমিটেড" হতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সি এম ইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| (১) | রজনীগন্ধা সুপার মার্কেটে যানবাহন সংকেত মেরামতকরণ। | ৩০,৪৪০/- টাকা | মাইক্রো ইলেক্ট্রনিকস লিমিটেড | ৩০,৪৪০/- টাকা | ১৮,৮৩৫/- টাকা |
| (২) | বিএনএস হাজী মহসিন ক্রসিং হতে ফ্লাসার সিস্টেম খুলে উহা আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সামনে পথচারী পারাপারে স্থাপনকরণ এবং শহীদ আনোয়ার গার্লস কলেজের দক্ষিণপার্শ্বের গেইটে স্থাপিত পথচারী পারাপারে নতুন ফ্লাসার স্থাপনকরণ। | ৪৬,০২০/- টাকা | মাইক্রো ইলেক্ট্রনিকস লিমিটেড | ৪৬,০২০/- টাকা | ৪২,০২০/- টাকা |

চলমানপাতা-১৩

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সি এম ইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| (৩) | বনানী ডিওএইচএস এলাকার ৮৭/বি নং প্লটে মাটি ভরাট ও আরসিসি পাইপ ড্রেন নির্মাণ। | ৬,৯৫,২১৩/- টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ৩১.৫০% নিম্নে | অসামঞ্জস্যপূর্ণ বিধায় ভেটিং করা হয়নি |
| (৪) | ডেসা কর্তৃক কর্তনকৃত শহীদ মঈনুল রোড ও শহীদ সরণিস্থ পুরাতন লগ এরিয়ার গেইট এবং বিএনএস হাজী মহসিনের সামনের রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ৩০,৭৫৬/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ৩২.৫০% উর্ধ্বে | ২০%উর্ধ্বে |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ক্যান্টনমেন্ট বোর্ডের কোয়ার্টার নং-১০৩ এর দোতলা মেরামত ও রংকরণ কাজ। | ৪৮,৭৪৫/- টাকা | মেসার্স এমআর আমিন ট্রেডার্স | ১৯.৯৯% উর্ধ্বে | ০৯%উর্ধ্বে |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত রোড নং-৪ এর ৯৬/২ নং বাসাটির মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ। | ১৯,০০৪/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ২৪% উর্ধ্বে | ১৭%উর্ধ্বে |
| (৭) | রজনীগন্ধা সুপার মার্কেটের ৮০ নং দোকান হতে জনতা ব্যাংক পর্যন্ত ওভার হেডলাইনের তার বদলকরণ। | ৮০,৩৫০/- টাকা | মেসার্স ফরিদা ট্রেডার্স | ২০% উর্ধ্বে | ১৮%উর্ধ্বে |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত রোড নং-৪ এর ৯৬ নং নীচতলা বাসাটির মেরামত ও চুনকাম কাজ। | ২১,৩০৭/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ২৩% উর্ধ্বে | ১৭%উর্ধ্বে |
| (৯) | বনানী ডিওএইচএস এলাকার ৬/সি নং রোডের উত্তরপার্শ্বে রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ৪১,৩৬২/- টাকা | দি মুন এন্টারপ্রাইজ | ২৩% উর্ধ্বে | ১৫%উর্ধ্বে |
| (১০) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণির হাজী মহসিন গেইটের পশ্চিমপার্শ্বে ডেসা কর্তৃক কর্তনকৃত ফুটপাত ঢালাইকরণ। | ৪৬,০৬২/- টাকা | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ২৮% উর্ধ্বে | ১৬%উর্ধ্বে |
| (১১) | স্বাধীনতা সরণির অফিসার কোয়ার্টারের পার্শ্বে ছেলেমেয়েদের খেলাধূলার জন্য একটি ডাবল দোলনা স্থাপনকরণ। | ২৫,৯৬৯/-টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ২৭%উর্ধ্বে | ১৭%উর্ধ্বে |
| (১২) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকান নং ডি/৮১-২ এর পার্শ্বে ড্রেন ও স্লাব নির্মাণকরণ। | ৩৩,১৮৫/-টাকা | মেসার্স প্রগতি প্রকৌশলী | ৩২%উর্ধ্বে | ২৯%উর্ধ্বে |
| (১৩) | বারিধারা ডিওএইচএস এলাকার পূর্বপার্শ্বে নির্মিত বাউন্ডারী ওয়ালের উপর বিভিন্ন স্থানে কাটা তারের বেড়া স্থাপনকরণ। | ৪৭,৬৫৪/-টাকা | মেসার্স এমএস বিজনেস এন্ড কন্ট্রাক্ট | ২৭%উর্ধ্বে | ১৮%উর্ধ্বে |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস(আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এম ই এস -এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারণ করা হয়েছে। সি এম ই এস (আর্মি) কর্তৃক

চলমানপাতা-১৪

সি ই ও

ভেটিংকৃত ক্রমিক নং-১,২,৪,৫,৬,৭,৮,৯,১০, ১১,১২ এবং ১৩= ১২(বার)টি কাজের নিম্নেবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। ক্রমিক নং-৩ ব্যতীত বাকী ১২(বার)টি কাজের ক্ষেত্রে উক্ত অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হোকঃ-

(১) ১৮,৮৩৫/-(আঠার হাজার আটশত পঁয়ত্রিশ) টাকার দর অনুমোদিত।

(২) ৪২,০২০/-(বিয়াল্লিশ হাজার বিশ) টাকার দর অনুমোদিত।

(৪) ২০(বিশ)% উর্ধ্বদর অনুমোদিত।

(৫) ০৯(নয়) % উর্ধ্বদর অনুমোদিত।

(৬) ১৭(সতের) % উর্ধ্বদর অনুমোদিত।

(৭) ১৮(আঠার) % উর্ধ্বদর অনুমোদিত।

(৮) ১৭(সতের) % উর্ধ্বদর অনুমোদিত।

(৯) ১৫(পনর) % উর্ধ্বদর অনুমোদিত।

(১০) ১৬(ষোল) % উর্ধ্বদর অনুমোদিত।

(১১) ১৭(সতের) % উর্ধ্বদর অনুমোদিত।

(১২) ২৯(উনত্রিশ) % উর্ধ্বদর অনুমোদিত।

(১৩) ১৮(আঠার) % উর্ধ্বদর অনুমোদিত।

ক্রমিক নং-৩ এর কাজের ব্যাপারে বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস(আর্মি) সভায় জানান যে, ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর বাস্তবসম্মত নহে বিধায় ভেটিং করা হয়নি। কিন্তু উক্ত কাজের দরপত্র সিডিউলে যথাযথ তথ্য অন্তর্ভূক্ত ছিল বিধায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সর্বনিম্ন দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হোকঃ-

(৩) ৩১.৫০(একত্রিশ দশমিক পঞ্চাশ)% নিম্নদর অনুমোদিত।

তাছাড়া, কাজের গুণগতমান নিশ্চিতকরণসহ স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের কাজ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্নকরণের নিমিত্তে নিম্নোক্তভাবে একটি তদারকী কমিটি গঠন করা হলো। উক্ত কমিটির সুপারিশ ছাড়া সংশ্লিষ্ট কাজের চূড়ান্ত বিল পরিশোধ না করার সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সভাপতি
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস
ও
সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(খ) প্রতিনিধি --সদস্য
সি এম ই এস(আর্মি)
ঢাকা সেনানিবাস।

চলমানপাতা-১৫

সিইও

(গ) ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার --সদস্য
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

প্রস্তাব নং--৩৮ ঃ ঢাকা সেনানিবাসের ডিওএইচএস ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের ২৭টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলো ঃ-

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | উইং কমান্ডার কিউ এম শাহ আলম (অবঃ) গং | ৫৪৬/১ | বারিধারা ডিওএইচএস | |
| ২। | ব্রিগেঃ জেনাঃ আবদুল ওয়াহাব | ১২৪ | -ঐ- | |
| ৩। | লেঃ কর্ণেল ফেরদৌস আহমেদ | ৪৪৯/১ | -ঐ- | |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ আবদুর রব | ৪০৭/২ | -ঐ- | |
| ৫। | ব্রিগেঃ জেনাঃ জাহিরুদ্দিন আহমদ | ২৪৩ | -ঐ- | |
| ৬। | কর্ণেল কে এম জাহিদ ফারুক | ২৭৪ | -ঐ- | |
| ৭। | লেঃ কর্ণেল মতিউর রহমান (অবঃ) | ২৩২ | বারিধারা | |
| ৮। | ক্যাপ্টেন হাছান সাইদ মনিরুল আলম, বিএন | ৫৩৮ | -ঐ- | |
| ৯। | মেজর মোঃ সাইদুর রহমান (অবঃ) | ৪৬৯ | -ঐ- | |
| ১০। | মেজর জেনারেল মোঃ জাহাঙ্গীর আলাম চৌধুরী, এনডিসি, পিএসসি | ১৫১ | -ঐ- | |
| ১১। | ব্রিগেঃ জেনাঃ এম শারফুল আলম, পিএসসি | ২৩৭ | -ঐ- | সংশোধিত |
| ১২। | লেঃ কর্ণেল এ এফ এম খায়রুল বাশার | ৪৬২ | -ঐ- | -ঐ- |
| ১৩। | লেঃ কর্ণেল মোঃ আবদুল আজিজ সরকার | ১৩৮ | -ঐ- | -ঐ- |
| ১৪। | উইং কমান্ডার কিউ এম শাহ আলম গং (অবঃ) | ৫৪৬/১ | -ঐ- | -ঐ- |
| ১৫। | মেজর জেনাঃ তারিক আহমেদ সিদ্দিক | ১২২/২ | -ঐ- | -ঐ- |
| ১৬। | মিসেস পিয়ারা বেগম গং | ৪১৬ | -ঐ- | -ঐ- |
| ১৭। | কর্ণেল মোঃ নুরুল ইসলাম, এনডিইউ,পিএসসি | ২৮৭ | -ঐ- | -ঐ- |
| ১৮। | মিসেস সাইদা আকতার সাইদ গং | ২৩৩ | মহাখালী ডিওএইচএস | -ঐ- |
| ১৯। | মিসেস হাবিবুননেছা চৌধুরী গং | বি/১১৬ | -ঐ- | -ঐ- |
| ২০। | ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোং লিমিটেড | মহাখালী | মহাখালী | অফিস বিল্ডিং বর্ধিতকরণ |
| ২১। | ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোং লিমিটেড | মহাখালী | মহাখালী | লিং সেড নির্মাণকরণ |
| ২২। | আলহাজ্ব মোঃ আফজাল হোসেন | ২৬ | বনানী ডিওএইচএস | সংশোধিত |
| ২৩। | মিসেস খালেদা জিয়া | ৬ | শহীদ মঈনুল রোড | -ঐ- |
| ২৪। | জনাব শহিদুল আনোয়ার গং | ৪৩/বি | ক্যাণঃ বাজার এলাকা | -ঐ- |
| ২৫। | জনাব মোঃ আবদুল হাফিজ | ৬৮/বি | -ঐ- | -ঐ- |
| ২৬। | মিসেস সারা বিল্লাল মামুন গং | ৪৩/এফ | -ঐ- | -- |
| ২৭। | মিসেস প্রীতি করিম | ৫৯ | -ঐ- | -- |

গৃহীত সিদ্ধান্ত ঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

চলমানপাতা-১৬

প্রস্তাব নং-বিবিধ ৩৯(১) ঃ

জনাব মোঃ আবুল হোসেন হাওলাদার, সাবেক দোকান নং-বি/১২৩, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা ক্যান্টনমেন্টের ১৫ সেপ্টেম্বর, ২০০২ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রনাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের একটি দোকান বরাদ্দ পাওয়ার জন্য একখানা আবেদন করেন। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে জনাব মোঃ আবুল হোসেন হাওলাদারের ১৫ সেপ্টেম্বর, ২০০২ তারিখের আবেদনখানা সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত পর্যালোচনা করা হলো। ভবিষ্যতে অত্যাধুনিক রজনীগন্ধা সুপার মার্কেট নির্মাণ করা হলে এবং উক্ত মার্কেটের জন্য আরোপিত শর্তসমূহ আবেদনকারী পূরণ করতে ইচ্ছুক থাকলে অগ্রাধিকার ভিত্তিতে আবেদনকারীর বিষয়টি বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(২) ঃ

ঢাকা সেনানিবাসস্থ গ্যারিসন সিনেমা হলের পার্শ্বে নব নির্মিত বাস স্ট্যান্ডের সাথে একটি দোকানের অনুমতি চেয়ে জনাব মোঃ মসিউর রহমান মণ্ডল, পিতা- আঃ সামাদ মণ্ডল, বাড়ী নং-১৭১, রোড নং-১, ডিওএইচএস, বারিধারা, ঢাকা সেনানিবাস ১৬ সেপ্টেম্বর, ২০০২ তারিখে একখানা আবেদনপত্র পেশ করেছেন। উক্ত আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে জনাব মোঃ মসিউর রহমানের আবেদনপত্রখানা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(৩) ঃ

যোদ্ধাহত মুক্তিযোদ্ধা হাবিলদার মোঃ হুমায়ুন কবির (অবঃ), ঢাকা সেনানিবাসের পুরাতন এয়ার হেড কোয়ার্টারের সম্মুখে নতুন বাস স্ট্যান্ড এর পার্শ্বে একটি দোকানের জায়গা চেয়ে আবেদন করেছেন। এতদ্ব্যাপারে সেনাসদর, এজি শাখা, কল্যাণ ও পূণর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ আগস্ট, ২০০২ তারিখের ৪৭১৪/২/পূণর্বাসন-১ এর পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(৪) ঃ

ঢাকা সেনানিবাসস্থ পোস্ট অফিস সংলগ্ন অফিসার্স আবাসিক এলাকায় শিশুপার্কের খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপনের নিমিত্তে ৩৯,৭৬৪/-(উনচল্লিশ হাজার সাতশত চৌষট্টি) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

চলমানপাতা-১৭

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-বিবিধ৩৯(৫) ঃ

ঢাকা সেনানিবাসস্থ ডিজিএমএস-এর সামনের শহীদ সরণির পূর্বপার্শ্বের নীচু এলাকা ভরাটকরণের জন্য ৩৬,০০০/-(ছত্রিশ হাজার)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হোক এবং স্থানটি বাগান করার জন্য ব্যবহার করা যেতে পারে।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(৬) ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ২০০২-২০০৩ আর্থিক সালের নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষনাবেক্ষনের নিমিত্তে বৈদ্যুতিক ফিটিংস ক্রয়ের জন্য ৫,২৯,৭০৬/-(পাঁচ লক্ষ উনত্রিশ হাজার সাতশত ছয়) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। উক্ত মালামাল ক্রয়ের পূর্বে বাজার দর যাচাই-এর জন্য বিভিন্ন আইটেমের আলাদা আলাদাভাবে দরপত্র আহবান করা যেতে পারে। দর পাওয়ার পর কত টাকার কি ধরণের মালামাল ক্রয় করা হবে সে জন্য গত ৩ বছরের একটি পরিসংখ্যান এবং বর্তমানে স্টোরে সংশ্লিষ্ট মালামালের স্টক বিবরণী পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(৭)ঃ

বারিধারা ডিওএইচএস -এর ১৬৮ নং প্লটের উত্তরপার্শ্বের বৈদ্যুতিক খুটি স্থানান্তর কাজের জন্য ২৭,৪৪৫.৬৩ (সাতাশ হাজার চাজশত পঁয়তাল্লিশ টাকা তেষট্টি পয়সা) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো।তবে ডেসা হতে পত্র প্রাপ্তির পর সঠিক মূল্যানুমানটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত ব্যয় বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(৮)ঃ

বি এ এফ শাহিন অফিসার্স কোয়ার্টার সংলগ্ন খালি জায়গায় ছেলেমেয়েদের খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপনের নিমিত্তে ৩৩,২৯১.০০( তেত্রিশ হাজার দুইশত একানব্বই) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

চলমানপাতা-১৮

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। অধিনায়ক( প্রশাসনিক শাখা), বিমানবাহিনী ঘাটি বাশার হতে মূল্যানুমানটি ভেটিং -এর পর চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(৯)ঃ

ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৭নং ভবনের (ডি এম এল এন্ড সি অফিস) সভাকক্ষ এবং অফিস রুমের জন্য অত্র দপ্তর কর্তৃক প্রেরিত ১৫,৫৬,৫০০.০০ (পনের লক্ষ ছাপ্পান্ন হাজার পাঁচশত) টাকার আসবাবপত্রের পরিবর্তে ১,৫৭,৭৫০.০০ (এক লক্ষ সাতান্ন হাজার সাতশত পঞ্চাশ) টাকার মূল্যানুমানে আসবাবপত্র ক্রয়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ১,৫৭,৭৫০.০০ (এক লক্ষ সাতান্ন হাজার সাতশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(১০)ঃ

ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সামনের খালি জায়গায় গ্রীন স্পেস তৈরীকরণের লক্ষ্যে এমইএস সিডিউল অব রেইটস ১৯৯৫ মোতাবেক ৩,৪৫,৬৯১/৭৩ টাকার মূল্যানুমানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। মূল্যানুমানটি বেশী বিবেচিত হওয়ায় কঞ্জারভেন্সী শাখা কর্তৃক নিজস্ব জনবলের সহায়তায় সম্পন্নের লক্ষ্যে মূল্যানুমান প্রস্তুতপূর্বক উহা অনুমোদনের জন্য পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(১১)ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি সংক্রান্ত নীতিমালা প্রণয়নের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। এম ই এস হতে প্রাপ্ত নীতিমালাটি অবহিত হওয়া গেল। ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদারী প্রতিষ্ঠানের নতুন তালিকাভুক্তি সংক্রান্ত নীতিমালার খসড়াটি পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনা করা প্রয়োজন। এজন্য খসড়া নীতিমালাটি সম্মানিত বোর্ড সদস্যদের প্রত্যেককে সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। আরো সিদ্ধান্ত গৃহীত হলো যে, আগামী বোর্ডসভার পূর্বেই ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক

চলমানপাতা-১৯

প্রস্তুতকৃত খসড়া নীতিমালার উপর সুচিন্তিত মতামত সদস্যগণ ক্যান্টনমেণ্ট একজিকিউটিভ অফিসার বরাবর প্রেরণ করবেন- যাতে নীতিমালাটি ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে পারেন।

**প্রস্তাব নং-বিবিধ ৩৯(১২)ঃ**

মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনালের ঠিকাদারী লাইসেন্স -এর জন্য নিরাপত্তা জামানত জমা গ্রহণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট ফার্মের ৩০ এপ্রিল, ২০০০, ০৬ সেপ্টেম্বর, ২০০০ এবং ১৬ মার্চ, ২০০২ তারিখের আবেদনপত্রগুলো উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** পত্রগুলো অবহিত হওয়া গেল। সংশ্লিষ্ট ফার্মের নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদ ইতোপূর্বে ০৫(পাঁচ) বছর শেষ হওয়ায় পুনরায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে ছাড়পত্র প্রাপ্তিসহ প্রয়োজনীয় ফী জমা গ্রহণ সাপেক্ষে তালিকাভূক্তি নিয়মিতকরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-বিবিধ ৩৯(১৩) ঃ**

ব্রডওয়েয়র পিছনে নির্মাণাধীন ফিলিং স্টেশন হতে কর্তনকৃত মাটি ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের নীচু এলাকায় ভরাটকরণের জন্য ১৬,৮০০/-(ষোল হাজার আটশত) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** মূল্যানুমান অনুমোদন করা হলো। তবে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী হতে প্রাপ্ত অর্থ হতে ব্যয় নির্বাহ করা হোক।

**প্রস্তাব নং-বিবিধ ৩৯(১৪) ঃ**

ঢাকা সেনানিবাসস্থ ইউসুফ রোডের শিশুপার্কে খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপনের জন্য ৩৩,২৯১/-(তেত্রিশ হাজার দুইশত একানব্বই) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

**প্রস্তাব নং-বিবিধ ৩৯(১৫) ঃ**

আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর ছেলেমেয়েদের পানি খাওয়ার জন্য ফেরোসিমেন্টের পানির ট্যাংক স্থাপনসহ প্রয়োজনীয় ফিটিংস ও নিস্কাশন ব্যবস্থার জন্য ১৮,৮০২/- (আঠার হাজার আটশত দুই ) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

চলমানপাতা-২০

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের রক্ষণাবেক্ষন খাত হতে নির্বাহ করা হোক।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(১৬) ঃ

মহাখালী ডিওএইচএস এলাকার বাসা-বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহের নিমিত্তে ৪(চার)টি কভার্ড ভ্যানগাড়ী প্রতিটি কভার্ড ভ্যানগাড়ীর জন্য ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা হিসেবে ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার)টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ময়লা/আবর্জনা বাসা-বাড়ী হতে সংগ্রহের নিমিত্তে ৪(চার)টি কভার্ড ভ্যান গাড়ী প্রতিটি ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা হিসাবে ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(১৭) ঃ

ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক শহীদ সরণির উভয়পার্শ্বে, সেনাসদর, সেনাভবন ও অন্যান্য বাসভবন এলাকা এবং আজিজপল্লী ও মঈনুল রোড এলাকায় মৌসুমী ফুলের চারা রোপনের নিমিত্তে চারা/বীজ ক্রয়ের জন্য গত ১২ সেপ্টেম্বর, ২০০২ তারিখে প্রদত্ত দরপত্রের মধ্যে মেসার্স ধানমন্ডি নার্সারি কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে দরপত্রসমূহ এবং চাহিদাকৃত চারা/বীজের তালিকা নিম্নে উপস্থাপন করা হলো।

| ক্রমিক নং | চারার বিবরণ | চারার পরিমাণ | প্রতিটির দর | মোট মূল্য |
|---|---|---|---|---|
| ১। | সালভিয়া | ৩৫০০টি | ৩.৫০ টাকা | ১২,২৫০/- টাকা |
| ২। | ইনকা | ২৫০০টি | ৫.০০ টাকা | ১২,৫০০/- টাকা |
| ৩। | এন্টারহিনাম | ২০০০টি | ৩.০০ টাকা | ৬,০০০/- টাকা |
| ৪। | ডেনথাস | ২০০টি | ৫.০০ টাকা | ১,০০০/- টাকা |
| ৫। | পোনজী | ২০০টি | ৪.০০ টাকা | ৮০০/- টাকা |
| ৬। | ফ্লক্স | ৫০০টি | ৩.০০ টাকা | ১,৫০০/- টাকা |
| ৭। | চন্দ্রমল্লিকা | ৫০০টি | ৬.০০ টাকা | ৩,০০০/- টাকা |
| ৮। | ডালিয়া | ৫০০টি | ৬.০০ টাকা | ৩,০০০/- টাকা |
| ৯। | জিনিয়া | ১৫০টি | ১০.০০ টাকা | ১,৫০০/- টাকা |
| ১০। | সালভিয়া (বীজ) | ২০০০টি | ১.০০ টাকা | ২,০০০/- টাকা |
| ১১। | ইনকা ঐ | ২০০০টি | ৩.০০ টাকা | ৬,০০০/- টাকা |
| ১২। | গ্লাডিওলাস ঐ | ৫০টি | ৬.৫০ টাকা | ৩২৫/- টাকা |
| | | | সর্বমোট = | ৪৯,৮৭৫/- টাকা |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত পর্যালোচনান্তে মেসার্স ধানমন্ডি নার্সারী কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দরপত্র অনুমোদন করা হলো। এ বিষয়ে সম্পাদিত কাজের অগ্রগতি সংক্রান্ত একটি প্রতিবেদন আগামী বোর্ডসভায় পেশ করতে হবে।

চলমানপাতা-২১

প্রস্তাব নং-বিবিধ ৩৯(১৮) ঃ

সাইন ভিশন-এর প্রোপাইটার জনাব আ ফ ম মাহাবুবুল ইসলাম ভূঁইয়ার ১৮ সেপ্টেম্বর, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে স্থাপিত বিজ্ঞাপন বোর্ডের বিষয়ে ঘটনোত্তর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । এ প্রসংগে বিজ্ঞাপন বোর্ডের প্রতিবেদন সংযুক্ত করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পর্যালোচনান্তে দেখা যায় সাইন ভিশন -এর প্রোপ্রাইটার জনাব আ ফ ম মাহবুবুল ইসলাম ভুঁইয়ার সংগে আর্মি ওয়েল ফেয়ার ট্রাস্টের ২৯ মে, ২০০১ তারিখে যে চুক্তিপত্রটি সম্পাদিত হয়েছে তা সেনাসদর কর্তৃক অনুমোদিত নীতিমালার সাথে সংগতিপূর্ণ নয়। সুতরাং আবেদনটি প্রক্রিয়াকরণের পূর্বে উক্ত চুক্তিপত্রটি বাতিলের জন্য কল্যাণ ও পূণর্বাসন পরিদপ্তর, সেনাসদরকে অনুরোধ করা হোক। কল্যাণ ও পূণর্বাসন পরিদপ্তর কর্তৃক চুক্তিটি বাতিল করার পর আবেদনটি প্রক্রিয়া করা হবে। এখানে আরো উল্লেখ্য নতুন নীতিমালা অনুযায়ী যেহেতু আবেদনকারীকে নতুনভাবে বোর্ড এবং এমইও'র সাথে চুক্তিবদ্ধ হতে হবে সেহেতু একই বিষয়ে অন্য কোন কর্তৃপক্ষের সংগে চুক্তি বহাল থাকা আইনতঃ সমীচিন হবে বলে প্রতীয়মান হয় না।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(১৯) ঃ

রূপময় এর প্রোপাইটার জনাব এ এইচ এম আমিনুল ইসলাম ভুইয়ার ১৫ সেপ্টেম্বর, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে স্থাপিত বিজ্ঞাপন বোর্ডের বিষয় ঘটনোত্তর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে বিজ্ঞাপন বোর্ডের প্রতিবেদন সংযুক্ত করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পর্যালোচনান্তে দেখা যায় রূপময় এর মালিক জনাব এএইচএম আমিনুল ইসলাম ভুঁইয়ার সংগে আর্মি ওয়েল ফেয়ার ট্রাস্টের ২৯ মে, ২০০১ তারিখে যে চুক্তিপত্রটি সম্পাদিত হয়েছে তা সেনাসদর কর্তৃক অনুমোদিত নীতিমালার সাথে সংগতিপূর্ণ নয়। সুতরাং আবেদনটি প্রক্রিয়াকরণের পূর্বে উক্ত চুক্তিপত্রটি বাতিলের জন্য কল্যাণ ও পূণর্বাসন পরিদপ্তর, সেনাসদরকে অনুরোধ করা হোক। কল্যাণ ও পূণর্বাসন পরিদপ্তর কর্তৃক চুক্তিটি বাতিল করার পর আবেদনটি প্রক্রিয়া করা হবে। এখানে আরো উল্লেখ্য নতুন নীতিমালা অনুযায়ী যেহেতু আবেদনকারীকে নতুনভাবে বোর্ড এবং এমইও'র সাথে চুক্তিবদ্ধ হতে হবে সেহেতু একই বিষয়ে অন্য কোন কর্তৃপক্ষের সংগে চুক্তি বহাল থাকা আইনতঃ সমীচিন হবে বলে প্রতীয়মান হয় না।

প্রস্তাব নং-বিবিধ ৩৯(২০) ঃ

ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত আদর্শ বিদ্যানিকেতন মানিকদী এর জন্য একটি প্রিন্টারসহ ০২(দুই)টি পেন্টিয়াম-৪ কম্পিউটার মেশিন ক্রয়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী -এর জন্য একটি প্রিন্টারসহ দুইটি পেন্টিয়াম-৪ কম্পিউটার মেশিন ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। আনুমানিক মূল্য নির্ধারণপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের নিমিত্তে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো। এ ব্যয় ২০০২-২০০৩ আর্থিক সালের বিশেষ অনুদান হতে নির্বাহ করা হবে।

চলমানপাতা-২২

**প্রস্তাব নং-বিবিধ ৩৯(২১) ঃ**

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বিভিন্ন ফি বর্ধিতকরণ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১২ আগষ্ট, ২০০২ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/১৬৩-২/শা-২/২০২ এর মাধ্যমে শুধুমাত্র ক্যান্ট বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের বর্ধিত হারের কথা উল্লেখ রয়েছে । উক্ত হার সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বেলায়ও একই বর্ধিত হার বলবৎ এর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** প্রস্তাবনার উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বিভিন্ন ফি বর্ধিতকরণের ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ন্যায় সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রাশাসন দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বেলায়ও একই হার বলবৎ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-বিবিধ ৩৯(২২) ঃ**

১২ সেপ্টেম্বর, ২০০২ তারিখের অনুষ্ঠিত বাজার কমিটির সভায় যে সমস্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সভার ২২ সেপ্টেম্বর, ২০০২ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/কমিটি/২০ নম্বর পত্রের কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদনকরণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের বাজার কমিটির ১২ সেপ্টেম্বর, ২০০২ তারিখের কার্যবিবরণীর গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় বিস্তারিত আলোচনান্তে অনুমোদন করা হলো। বাজার কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উক্ত বাজার কমিটির সহযোগী সদস্যগণ কর্তৃক ১৩ সেপ্টেম্বর, ২০০২ তারিখের পত্রে সাব-কমিটিতে প্রস্তাবিত সহযোগী সদস্যগণের নাম, বাজারের নিরপত্তা পাহারার জন্য এবং কঞ্জারভেন্সী কাজের জন্য প্রস্তাবিত চাঁদার হার বোর্ডসভায় বিস্তারিত পর্যালোচনান্তে অনুমোদন করা হলো।

**প্রস্তাব নং-বিবিধ ৩৯(২৩) ঃ**

ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য ক্যাপ্টেন এম রহমান (ট্যাজ), (সিডি), পিএসসি, বিএন -এর অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ নৌ-সদর দপ্তর এলাকায় একটি মসজিদ নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** নৌ-সদর দপ্তর, ঢাকা সেনানিবাস হতে এতদসংক্রান্ত বিষয়ে একটি সুপারিশসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রাপ্তির পর সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

চলমানপাতা-২৩

**প্রস্তাব নং-বিবিধ ৩৯(২৪) ঃ**

ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য ক্যাপ্টেন এম রহমান (ট্যাজ), (সিডি), পিএসসি, বিএন -এর অনুরোধের প্রেক্ষিতে ঢাকা সেনানিবাস্থ বনানী কবরস্থানে প্রাক্তন নৌ-প্রধানের কবর পাকা করার বিষয়টি বিবেচনাকরণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে নৌ-সদর দপ্তর, ঢাকা ক্যান্টনমেন্ট হতে একটি সুপারিশ/প্রস্তাব পাওয়ার পর সিদ্ধান্ত নেয়া হবে।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**( খোরশেদ আলম চৌধুরী )**
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

**( কর্ণেল সালাহ্উদ্দিন আহমেদ )**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস